WALTON
Smart Fridge



# ব্যবহারবিধি I ওয়ারেন্টি কার্ড


## ফোর ডোর / সাইড বাই সাইড রেফ্রিজারেটর

# সর্বাধুনিক প্রযুক্তি ও ফিচারসমূহ




































# মুখবন্ধ

আপনার নিত্যদিনের চাহিদা সর্বোত্তম উপায়ে পূরণের লক্ষ্যে ওয়ালটন ব্র্যান্ড রেফ্রিজারেটর বেছে নেয়ার জন্য আপনাকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন। আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, বিশ্বেও সর্বাধুনিক প্রযুক্তি ও যন্ত্রপাতি দ্বারা তৈরি ওয়ালটন ব্র্যান্ড রেফ্রিজারেটর আপনাকে নিশ্চিত করবে অভিনব প্রযুক্তি, নির্ভরশীল কর্মদক্ষতা, প্রয়োজনীয় ধারণক্ষমতা, আকর্ষণীয় ডিজাইন ও রুচিশীল বিভিন্ন মডেল; এছাড়াও আপনাকে দিচ্ছে পরিবেশবান্ধব, শব্দ দূষণমুক্ত, উচ্চ কর্মদক্ষতাসম্পন্ন, নিরাপদ ও ব্যাকটেরিয়া প্রতিরোধী রেফ্রিজারেটরের নিশ্চয়তা।

ওয়ালটন রেফ্রিজারেটরের ক্রিয়া পদ্ধতি, রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় নির্দেশনা এবং পরিচালনার নিয়ম এই ব্যবহারবিধিটিতে অতি যত্নসহকারে দেয়া আছে তাই ব্যবহারের পূর্বেই বইটি পড়তে আমরা বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ রেফ্রিজারেটরের সমস্যার সমাধান এবং সর্বোচ্চ কর্মদক্ষতা নিশ্চিত করে, যা যন্ত্রাংশের স্থায়িত্ব করে আরও দীর্ঘস্থায়ী।

এই বইটিতে রয়েছে সর্বাধুনিক প্রযুক্তিগত তথ্য তাই রেফ্রিজারেটরের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বইটিকে বিবেচনা করুন। ব্যবহারবিধির কপিরাইট কোম্পানি কর্তৃক সংরক্ষিত। তাই কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া কোনো ব্যক্তি বা শ্রেণির জন্য বইটির কোনো অংশ পুনর্মুদ্রণ বা কপি করা সম্পূর্ণ নিষিদ্ধ। পূর্বের কোনো বিজ্ঞপ্তি ছাড়াই কোম্পানি কর্তৃপক্ষ বইটি পরিবর্তন করতে পারে।

**বিঃ দ্রঃ এই বইয়ের সাথে NUSDAT-UTS এর সৌজন্যে একটি সংক্ষিপ্ত নির্দেশনাপত্র আছে যা অবশ্যই পড়তে হবে। ফ্রিজের সংক্ষিপ্ত নির্দেশনাপত্রটি হারিয়ে গেলে ওয়ালটনের ওয়েবসাইট থেকে নামিয়ে নিন।**

ষষ্ঠ সংস্করণ
প্রকাশনার তারিখ: ২০.০৬.২০২৬

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ০১. | সতর্কতা | ০৩ |
| ০২. | মডেলসমূহ | ০৪ |
| ০৩. | যন্ত্রাংশ চিহ্নিতকরণ | ০৫-১২ |
| ০৪. | ফ্রিজ পরিবহণের নির্দেশনা | ১৩ |
| ০৫. | ফ্রিজ স্থাপনের নির্দেশনা | ১৪ |
| ০৬. | ওয়াটার ডিসপেন্সার ব্যবহারের নির্দেশনাবলি | ১৫ |
| ০৭. | ফোল্ডেবল গ্লাস শেলফ (প্রযোজ্যতা সাপেক্ষ) | ১৬ |
| ০৮. | লেভেলিং হুইল অ্যাডজাস্ট করণ (WNR-6D6/WNR-6E2/WNR-6B0) | ১৬-১৭ |
| ০৯. | ওডোর ফিল্টার প্রতিস্থাপন পদ্ধতি (WNR-6F0) | ১৭ |
| ১০. | ওডোর গার্ড ফিল্টার (WNR-6D6/WNR-6B0) | ১৮ |
| ১১. | আয়োনাইজার | ১৮ |
| ১২. | দরজা খোলা এবং বন্ধকরণ (WNR-6F0) | ১৯ |
| ১৩. | রেফ্রিজারেটরের দরজা অসমান্তরাল হলে করণীয় | ২০-২১ |
| ১৪. | পাওয়ার সাপ্লাই | ২২ |
| ১৫. | ফ্রিজ চালুকরণ | ২৩ |
| ১৬. | নিরাপত্তার জন্য সাবধানতা | ২৩-২৪ |
| ১৭. | ব্যবহারের নির্দেশনা | ২৪-২৬ |
| ১৮. | ব্যবহারের সাবধানতা | ২৭ |
| ১৯. | রক্ষণাবেক্ষণ | ২৮ |
| ২০. | এক্সেসরিজ স্থাপন ও অপসারণ | ২৯ |
| ২১. | নিম্নোক্ত অবস্থাগুলো ত্রুটি নয় | ২৯ |
| ২২. | খাবার সংরক্ষণের জন্য পরামর্শ | ৩০ |
| ২৩. | নিজে নিজে পরীক্ষার জন্য দিক নির্দেশনা | ৩১ |
| ২৪. | ডিসপ্লে অপারেশন (WNR-6F0 FLUID DYNAMIC DISPLAY) | ৩২-৩৬ |
| ২৫. | ডিসপ্লে অপারেশন (WNR-6F0 MONOCHROME LCD DISPLAY) | ৩৭-৪১ |
| ২৬. | কনভার্টিবল মোডসমূহের জন্য নির্দেশনাবলি (WNR-6F0) | ৪২-৪৩ |
| ২৭. | ডিসপ্লে অপারেশন (WNR-6D6/WNR-6E2) | ৪৪-৪৯ |
| ২৮. | ডিসপ্লে অপারেশন (WNR-6B0) | ৫০-৫৮ |
| ২৯. | স্মার্ট অ্যাপের মাধ্যমে কিভাবে রেফ্রিজারেটরটি অপারেট করবেন? | ৫৯-৬০ |
| ৩০. | মাল্টিমিডিয়া ডিসপ্লে রক্ষণাবেক্ষণের সঠিক নিয়ম | ৬১ |
| ৩১. | কনভার্টিবল মোডের নির্দেশনাবলি (WNR-6B0) | ৬২-৬৩ |
| ৩২. | কনভার্টিবল মোডের নির্দেশনাবলি (WNR-6D6/WNR-6E2) | ৬৪-৬৭ |
| ৩৩. | ডিসপ্লে অপারেশন (WNI-6A9/WNI-5F0) | ৬৮-৭৪ |
| ৩৪. | ডিসপ্লে অপারেশন (5F3-DD) | ৭৫-৭৯ |
| ৩৫. | ডিসপ্লে অপারেশন (5F3-ID) | ৮০-৮৩ |
| ৩৬. | নিষ্পত্তি | ৮৩ |

# সতর্কতা

১। রেফ্রিজারেটর যেদিকে অবস্থিত সেদিকে বায়ু চলাচল মুক্ত অবস্থায় রাখুন অথবা বিল্ট-ইন স্ট্রাকচারের ক্ষেত্রে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখুন।

২। বরফ তাড়াতাড়ি গলিয়ে ফেলতে কোনো মেকানিক্যাল মেশিন এবং কোনো ধারালো বস্তু ব্যবহার করবেন না অথবা ম্যানুফ্যাকচারার দ্বারা নির্দেশকৃত কোনো পন্থা অবলম্বন করুন।



চিহ্নটি দাহ্য পদার্থের ব্যবহার নির্দেশ করে

৩। কোনোভাবে আর্থিং এর সাথে ফেজ/নিউট্রাল সংযোগ শর্ট করে দেয়া যাবে না।

৪। যদি পাওয়ার কর্ডটি নষ্ট হয় তবে দুর্ঘটনা এড়াতে ম্যানুফ্যাকচারার দ্বারা নির্দেশকৃত কোনো সার্ভিস এজেন্ট অথবা তার সমমানের কোনো ব্যক্তি দ্বারা নতুন করে কর্ডটি লাগাতে হবে।

৫। অকার্যকর এবং পুরাতন রেফ্রিজারেটর পেশাদার কোনো ব্যক্তি বা কোম্পানি দ্বারা পুনরায় ব্যবহারোপযোগী বা নষ্ট করে ফেলতে হবে।

৬। অব্যবহৃত এবং পুরোনো রেফ্রিজারেটর ইচ্ছামতো যেখানে সেখানে ফেলবেন না। এতে পরিবেশ দূষিত হবে।

৭। ছোট বাচ্চাদের রেফ্রিজারেটরের নাগাল থেকে দূরে রাখা বাঞ্ছনীয়।

৮। R600a স্টিকার সম্বলিত রেফ্রিজারেটরের ক্ষেত্রে রেফ্রিজারেটরটিকে আগুনের যেকোনো উৎস হতে অবশ্যই দূরে রাখতে হবে।

৯। ৮ বছরের কম বয়সের শিশুদের রেফ্রিজারেটরটি ব্যবহার করা থেকে বিরত রাখুন। রেফ্রিজারেটরের সার্কিটটি নষ্ট করবেন না।

১০। রেফ্রিজারেটরটি স্থাপনের সময় পাওয়ার কর্ডটি ঠিক আছে কি না দেখে নিন।

১১। রেফ্রিজারেটরটিতে মাল্টি-সকেট অথবা পোর্টেবল পাওয়ার সকেট ব্যবহার করবেন না।

১২। রেফ্রিজারেটরটিতে খাবার সংরক্ষণের জন্য অ্যালুমিনিয়াম ফয়েল/পলিথিন ব্যাগে মুড়িয়ে অথবা যেকোনো ধরনের কন্টেইনার ব্যবহার করুন যেন তা বায়ুরোধী হয়।

১৩। বছরে অন্তত দুইবার রেফ্রিজারেটরের পিছনের দিকে ইঁদুর দ্বারা কোনো ক্ষতি হয়েছে কি না তা যাচাই করুন।

# মডেলসমূহ


## সাইড বাই সাইড রেফ্রিজারেটর

| | | | | |
|---|---|---|---|---|
| WNR-6E2 | WNR-6D6 | WNR-6B0 | WNI-6A9 | WNI-5F0 |
| WNI-5F3 | | | | |

## ফোর ডোর রেফ্রিজারেটর

| | | | | |
|---|---|---|---|---|
| WNR-6F0 | | | | |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNR-6F0 (Ionizer)**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | কম্প্যাক্ট পকেট | ১৪ | রেফ্রিজারেটর ডাক্ট কভার |
| ২ | রেফ্রিজারেটর লাইনার | ১৫ | রেফ্রিজারেটর লাইনার |
| ৩ | ক্যান্টিলিভার গ্লাস শেলফ | ১৬ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৪ | রোটেটিং মিডল বার | ১৭ | ফোল্ডেবল গ্লাস শেলফ |
| ৫ | ক্রিস্পার কভার | ১৮ | ওডোর ফিল্টার |
| ৬ | রেফ্রিজারেটর বোতল পকেট | ১৯ | ক্রিস্পার বক্স |
| ৭ | লোয়ার ডোর আপার ক্যাপ | ২০ | আপার ডোর লোয়ার ক্যাপ |
| ৮ | ফ্রিজার ডোর | ২১ | ফ্রিজার ডাক্ট কভার |
| ৯ | ফ্রিজার বোতল পকেট | ২২ | ফ্রিজার ট্রে |
| ১০ | ফ্রিজার ড্রয়ার | ২৩ | ফ্রিজার লাইনার |
| ১১ | আপার ডোর আপার ক্যাপ | ২৪ | ফ্রিজার ডোর |
| ১২ | রেফ্রিজারেটর ডোর | ২৫ | লোয়ার ডোর লোয়ার ক্যাপ |
| ১৩ | আয়নাইজার | | |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNR-6E2**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার আপার ডাক্ট কভার | ১২ | রেফ্রিজারেটর ডেকোরেটিভ লাইট কভার |
| ২ | ফ্রিজার ডেকোরেটিভ লাইট কভার | ১৩ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৩ | ফ্রিজার বোতল পকেট | ১৪ | রেফ্রিজারেটর শেলফ |
| ৪ | ফ্রিজার শেলফ | ১৫ | রেফ্রিজারেটর ডোর |
| ৫ | ফ্রিজার ডোর | ১৬ | রেফ্রিজারেটর লোয়ার ডাক্ট কভার |
| ৬ | ফ্রিজার লোয়ার ডাক্ট কভার | ১৭ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার শেলফ |
| ৭ | ফ্রিজার আপার ড্রয়ার শেলফ | ১৮ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার |
| ৮ | ফ্রিজার আপার ড্রয়ার | ১৯ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার শেলফ |
| ৯ | ফ্রিজার লোয়ার ড্রয়ার শেলফ | ২০ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার |
| ১০ | ফ্রিজার লোয়ার ড্রয়ার | ২১ | ফ্রিজার প্যানেল লাইট |
| ১১ | রেফ্রিজারেটর আপার ডাক্ট কভার | ২২ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNR-6D6**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার আপার ডাক্ট কভার | ১৩ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ২ | ফ্রিজার ডেকোরেটিভ লাইট কভার | ১৪ | ওয়াটার রিজার্ভার |
| ৩ | ফ্রিজার বোতল পকেট | ১৫ | রেফ্রিজারেটর শেলফ |
| ৪ | ফ্রিজার শেলফ | ১৬ | রেফ্রিজারেটর ডোর |
| ৫ | ফ্রিজার ডোর | ১৭ | রেফ্রিজারেটর লোয়ার ডাক্ট কভার |
| ৬ | ফ্রিজার লোয়ার ডাক্ট কভার | ১৮ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার শেলফ |
| ৭ | ফ্রিজার আপার ড্রয়ার শেলফ | ১৯ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার |
| ৮ | ফ্রিজার আপার ড্রয়ার | ২০ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার শেলফ |
| ৯ | ফ্রিজার লোয়ার ড্রয়ার শেলফ | ২১ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার |
| ১০ | ফ্রিজার লোয়ার ড্রয়ার | ২২ | ফ্রিজার প্যানেল লাইট |
| ১১ | রেফ্রিজারেটর আপার ডাক্ট কভার | ২৩ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |
| ১২ | রেফ্রিজারেটর আয়োনাইজার অ্যান্ড ডেকোরেটিভ লাইট কভার | | |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNR-6B0**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার আপার ডাক্ট কভার | ১২ | রেফ্রিজারেটর আয়োনাইজার অ্যান্ড ডেকোরেটিভ লাইট কভার |
| ২ | ফ্রিজার ডেকোরেটিভ লাইট কভার | ১৩ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৩ | ফ্রিজার বোতল পকেট | ১৪ | রেফ্রিজারেটর শেলফ |
| ৪ | ফ্রিজার শেলফ | ১৫ | রেফ্রিজারেটর ডোর |
| ৫ | ফ্রিজার ডোর | ১৬ | রেফ্রিজারেটর লোয়ার ডাক্ট কভার |
| ৬ | ফ্রিজার লোয়ার ডাক্ট কভার | ১৭ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার শেলফ |
| ৭ | ফ্রিজার আপার ড্রয়ার শেলফ | ১৮ | রেফ্রিজারেটর আপার ড্রয়ার |
| ৮ | ফ্রিজার আপার ড্রয়ার | ১৯ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার শেলফ |
| ৯ | ফ্রিজার লোয়ার ড্রয়ার শেলফ | ২০ | রেফ্রিজারেটর লোয়ার ড্রয়ার |
| ১০ | ফ্রিজার লোয়ার ড্রয়ার | ২১ | ফ্রিজার প্যানেল লাইট |
| ১১ | রেফ্রিজারেটর আপার ডাক্ট কভার | ২২ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNI-6A9-GDSD**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার বিগ ডাক্ট কভার | ১১ | রেফ্রিজারেটর ডোর |
| ২ | ফ্রিজার বোতল পকেট | ১২ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৩ | ফ্রিজার শেলফ | ১৩ | রেফ্রিজারেটর শেলফ |
| ৪ | ফ্রিজার ডোর | ১৪ | রেফ্রিজারেটর শেলফ ডেকোরেটিং পার্ট |
| ৫ | ফ্রিজার স্মল ডাক্ট কভার | ১৫ | ভেজিটেবল ড্রয়ার |
| ৬ | ফ্রিজার ড্রয়ার শেলফ | ১৬ | ভেজিটেবল ড্রয়ার ফ্রন্ট পার্ট |
| ৭ | ফ্রিজার ড্রয়ার | ১৭ | রেফ্রিজারেটর ডাক্ট লাইট কভার |
| ৮ | এয়ারফ্লো কন্ট্রোলার | ১৮ | ফ্রিজার ডাক্ট লাইট কভার |
| ৯ | রেফ্রিজারেটর ডাক্ট কভার | ১৯ | ফ্রিজার প্যানেল লাইট |
| ১০ | আয়োনাইজার কভার | ২০ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNI-6A9-GDNE**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার বিগ ডাক্ট কভার | ৯ | আয়োনাইজার কভার |
| ২ | ফ্রিজার বোতল পকেট | ১০ | রেফ্রিজারেটর ডোর |
| ৩ | ফ্রিজার শেলফ | ১১ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৪ | ফ্রিজার ডোর | ১২ | রেফ্রিজারেটর শেলফ |
| ৫ | ফ্রিজার স্মল ডাক্ট কভার | ১৩ | রেফ্রিজারেটর ড্রয়ার শেলফ |
| ৬ | ফ্রিজার ড্রয়ার শেলফ | ১৪ | রেফ্রিজারেটর ড্রয়ার |
| ৭ | ফ্রিজার ড্রয়ার | ১৫ | ফ্রিজার প্যানেল লাইট |
| ৮ | রেফ্রিজারেটর ডাক্ট কভার | ১৬ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |


# যন্ত্রাংশ চিহ্নিতকরণ




**মডেল: WNI-5F0**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার বিগ ডাক্ট কভার | ১০ | আয়োনাইজার কভার |
| ২ | ফ্রিজার বোতল পকেট | ১১ | রেফ্রিজারেটর ডোর |
| ৩ | ফ্রিজার শেলফ | ১২ | সেলার কম্পার্টমেন্ট ডোর |
| ৪ | ফ্রিজার ডোর | ১৩ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৫ | ফ্রিজার স্মল ডাক্ট কভার | ১৪ | রেফ্রিজারেটর ভেজিটেবল ড্রয়ার |
| ৬ | ফ্রিজার ড্রয়ার শেলফ | ১৫ | ফ্রিজার প্যানেল লাইট |
| ৭ | ফ্রিজার ড্রয়ার | ১৬ | পিসিবি কভার |
| ৮ | রেফ্রিজারেটর মিডল ক্রস | ১৭ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |
| ৯ | রেফ্রিজারেটর ডাক্ট কভার | | |

# যন্ত্রাংশ চিহ্নিতকরণ





**মডেলঃ WNI-5F3**

| নম্বর | যন্ত্রাংশের নাম | নম্বর | যন্ত্রাংশের নাম |
|---|---|---|---|
| ১ | ফ্রিজার বিগ ডাক্ট কভার | ৯ | রেফ্রিজারেটর প্যানেল লাইট |
| ২ | ফ্রিজার বোতল পকেট | ১০ | রেফ্রিজারেটর বোতল পকেট |
| ৩ | ফ্রিজার শেলফ | ১১ | রেফ্রিজারেটর ডোর |
| ৪ | ফ্রিজার ডোর | ১২ | রেফ্রিজারেটর শেলফ |
| ৫ | ফ্রিজার স্মল ডাক্ট কভার | ১৩ | রেফ্রিজারেটর গ্যাসকেট |
| ৬ | ফ্রিজার ড্রয়ার শেলফ | ১৪ | রেফ্রিজারেটর ড্রয়ার শেলফ |
| ৭ | ফ্রিজার ড্রয়ার | ১৫ | রেফ্রিজারেটর ড্রয়ার |
| ৮ | রেফ্রিজারেটর ডাক্ট কভার | ১৬ | রেফ্রিজারেটর ড্রয়ার ডেকোরেশন |

# ফ্রিজ পরিবহণের নির্দেশনা


- শো-রুম থেকে যথাসম্ভব সোজা করে ভ্যান বা গাড়িতে ফ্রিজ উঠাতে হবে। সেক্ষেত্রে ফ্রিজের কার্টনের গায়ের নির্দেশনা অনুসরণ করুন।
- ফ্রিজকে ভ্যান বা গাড়িতে সোজা করে শক্ত করে বেঁধে দিতে হবে যাতে কোনোভাবেই বেশি ঝাঁকুনি না লাগে।
- ফ্রিজ অবশ্যই ভ্যান বা গাড়ি থেকে সোজা করে নামাতে হবে এবং সিঁড়ি দিয়ে যথাসম্ভব সোজা করে উঠাতে হবে। সেক্ষেত্রে কার্টনটির নির্দেশনা অনুসরণ করতে হবে। যথাস্থানে ফ্রিজ সোজা করে স্থাপন করতে হবে।



# ফ্রিজ স্থাপনের নির্দেশনা

### ১. স্থান নির্বাচন


ভালোভাবে বায়ু চলাচল করে এরকম একটি শুকনো কক্ষে ফ্রিজ স্থাপন করা উচিত। কোনো স্যাঁতসেঁতে কক্ষে ফ্রিজ রাখা থেকে বিরত থাকুন। ফ্রিজটি সরাসরি সূর্যের আলোতে অথবা কোনো প্রকার তাপের উৎসের কাছে রাখা থেকে বিরত থাকুন।



### ২. নির্দিষ্ট স্থানে রাখা


ফ্রিজের চারপাশে ভালোভাবে বাতাস চলাচলের জন্য যথেষ্ট পরিমাণ জায়গা ফাঁকা রাখা প্রয়োজন। সর্বনিম্ন জায়গা রাখুন:

| | |
|---|---|
| উপরে | : ৩০ সে.মি. |
| উভয় পাশে | : ২০ সে.মি. |
| পিছনে | : ১০ সে.মি. |




### ৩. সমতল স্থানে রাখা


স্থায়িত্ব বাড়ানো এবং শব্দ যেন কম হয় সেজন্য ফ্রিজটি যথাসম্ভব সমতল স্থানে সোজা করে ও মজবুত পৃষ্ঠের উপর রাখুন।



# ওয়াটার ডিসপেন্সার ব্যবহারের নির্দেশনাবলি


**ওয়াটার ডিসপেন্সার এর ব্যবহার এবং পরিষ্কার প্রণালি জানতে স্ক্যান করুন**

**স্টেপ ১**




রেফ্রিজারেটর এর দরজা খুলুন

**স্টেপ ২**





নবটি খুলতে ঘড়ির কাঁটার বিপরীতে ঘুরান এবং উপরের দিকে টানুন

**স্টেপ ৩**




ওয়াটার রিজার্ভারটি সর্বোচ্চ ৩.৫ লি. খাবার পানি দ্বারা পূর্ণ করুন। পানি ঠান্ডা হতে ৬ ঘণ্টা সময় প্রয়োজন হবে।


**স্টেপ ৪**




০১ লক/আনলক নব ০২ পুশ লিভার


## পরিষ্কারের নির্দেশনা:

**স্টেপ ১**




ওয়াটার রিজার্ভারটি খুলতে ঊর্ধ্বমুখী বল প্রয়োগ করুন।

**স্টেপ ২**




চিত্রের ন্যায় সকল অংশ আলাদা করে মাইল্ড সোপ বা লিকুইড ডিশওয়াশ ব্যবহার করে পরিষ্কার করুন।



ট্যাঙ্ক কভারটিকে একদিক থেকে পর্যায়ক্রমে চিত্রের ন্যায় চাপ প্রয়োগ করে বসিয়ে দিন।

**স্টেপ ৩**



ওয়াটার রিজার্ভারটি পুনরায় সেট করতে নিম্নমুখী বল প্রয়োগ করুন।

⚠ ওয়াটার রিজার্ভারটি সেট করার পর দেখতে হবে লাইনারের লক যেন রিজার্ভার কভারের উপরে থাকে। যদি না থাকে, সেক্ষেত্রে সেটআপটিকে নিচের দিকে চাপ দিয়ে বসিয়ে দিন।

⚠ ওয়াটার রিজার্ভারটি চিত্রের ন্যায় সিল/বন্ধ হয়েছে কি না নিশ্চিত করুন, অন্যথায় পানি সরবরাহ ব্যাহত হতে পারে।


# ফোল্ডেবল গ্লাস শেলফ (প্রযোজ্যতা সাপেক্ষ)

**ফোল্ডেবল গ্লাস শেলফ ব্যবহারের নির্দেশনাবলি:**

১. লম্বা আইটেম যেমন গ্যালন বা বোতল রাখার জন্য শেলফের সামনের অর্ধেকটি পিছনের অর্ধেকের নিচে প্রেস করুন।

২. লম্বা আইটেমগুলোর জন্য আরও জায়গা তৈরি করতে শেলফগুলো উপরের দিকে ভাঁজ করুন।

৩. পূর্ণ শেলফ ফিরে পেতে শেলফটি নিচের দিকে ফোল্ড করে সামনের দিকে টানুন।






**সতর্কতা**

- গ্লাস শেলফগুলো ভারী হওয়ায় অপসারণ করার সময় বিশেষ যত্ন নিন।
- ঠান্ডা অবস্থায় গ্লাস শেলফগুলো গরম পানি দিয়ে পরিষ্কার করবেন না। হঠাৎ তাপমাত্রা পরিবর্তনের প্রভাবে শেলফ ভেঙে যেতে পারে।

# লেভেলিং হুইল অ্যাডজাস্ট করণ (WNR-6D6/WNR-6E2/WNR-6B0)


রেফ্রিজারেটরকে সহজেই সমতল করা যায় দুটি সমতলকরণ চাকার সাহায্যে যা রেফ্রিজারেটরের সামনের দিকে ফ্রিজার দরজার নিচে অবস্থিত। এটা করার জন্য একটি সমতল মাথাযুক্ত স্ক্রু ড্রাইভার প্রয়োজন।





**ফ্রিজার পাশের উচ্চতা অ্যাডজাস্ট করণ**

একটি সমতল মাথাযুক্ত স্ক্রু ড্রাইভার লেভেলিং হুইলের গ্রুভে প্রবেশ করান এবং ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে ফ্রিজার পাশটিকে নিচে নামান এবং ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়ে উপরে উঠান।



**ফ্রিজ পাশের উচ্চতা অ্যাডজাস্ট করণ**


একটি সমতল মাথাযুক্ত স্ক্রু ড্রাইভার লেভেলিং হুইলের গ্রুভে প্রবেশ করান এবং ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে ফ্রিজ পাশটিকে নিচে নামান এবং ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়ে উপরে উঠান।

## ওডোর ফিল্টার প্রতিস্থাপন পদ্ধতি (WNR-6F0)

আপনার রেফ্রিজারেটর গন্ধমুক্ত রাখতে প্রতি বছর একবার ওডোর ফিল্টার প্রতিস্থাপন করুন। নিম্নে ওডোর ফিল্টার প্রতিস্থাপন করার স্টেপগুলি দেখানো হলো:


**স্টেপ ১**

ফ্রেশ ফুড কম্পার্টমেন্টের নিচে অবস্থিত ওডোর ফিল্টার কভার সনাক্ত করুন।




**স্টেপ ২**

এটি খুলতে অ্যারো চিহ্নিত স্থানে প্রেস করুন।




**স্টেপ ৩**

পুরানো কার্বন ফিল্টারটি হোল্ডার থেকে খুলে ফেলুন।




**স্টেপ ৪**

নতুন কার্বন ফিল্টারটি প্যাকেট থেকে বের করুন এবং হোল্ডারে স্থাপন করুন।




**স্টেপ ৫**

হোল্ডারটি পুনরায় আগের অবস্থানে সেট করুন।




# ওডোর গার্ড ফিল্টার (WNR-6D6/WNR-6B0)

এটি খুলতে ফিল্টার কেসিং এর নিচে অ্যারো চিহ্নিত খাঁজে সমতল মাথাযুক্ত স্ক্রু ড্রাইভার ব্যবহার করুন। তারপর ফিল্টারটি প্রতিস্থাপন করুন। প্রস্তাবিত ব্যবহারের সময়কাল এক বছর যা নির্ভর করবে আপনার ব্যবহারের উপর। আমাদের সার্ভিস সেন্টারে ফিল্টারটি সহজলভ্য।



# আয়োনাইজার

আয়নাইজার বিশেষভাবে ডিজাইন করা ইলেকট্রোডে উচ্চ ভোল্টেজ প্রয়োগ করে একটি শক্তিশালী বৈদ্যুতিক ক্ষেত্র তৈরি করে যা বায়ুর অণুগুলিকে আয়নিত করে এবং ইলেকট্রন মুক্ত করে। এই প্রক্রিয়ায় ঋণাত্মক আয়ন তৈরি হয় যা চারপাশের বায়ুকে আয়নিত করে বায়ুর গুণমান উন্নত করতে সহায়তা করে।



**আয়নাইজার এর কার্যাবলি:**

১. **গন্ধ কমায়:** ঋণাত্মক আয়ন খাবার থেকে আসা গন্ধ নিরপেক্ষ করে ফ্রিজকে সতেজ গন্ধযুক্ত রাখতে সাহায্য করে।


২. **পচন ধীর করে:** আয়নাইজার ব্যাকটেরিয়া ও ফাঙ্গাসের বৃদ্ধি প্রতিরোধ করতে পারে যা খাবারের সতেজতা বাড়িয়ে তুলতে পারে।

৩. **বায়ুর গুণমান উন্নত করে:** ফ্রিজের ভিতরে বায়ুকে আয়নিত করার মাধ্যমে এটি বায়ুর কণিকা ও অ্যালার্জেন হ্রাস করতে সাহায্য করে।

৪. **স্বাদ উন্নত করে:** কিছু ব্যবহারকারী জানান যে, আয়নাইজড পরিবেশে সংরক্ষিত খাবার আরও সতেজ স্বাদযুক্ত হয়।

# দরজা খোলা এবং বন্ধকরণ (WNR-6F0)

আমাদের রেফ্রিজারেটরে দুটি সাধারণ কম্পার্টমেন্ট দরজা রয়েছে। দরজা দুটি পৃথকভাবে বা একসাথে খোলা এবং বন্ধ করা যায়। রেফ্রিজারেটরের বাম দরজায় একটি ভার্টিকালি রোটেটিং মিডল বার রয়েছে।




- যখন বাম পাশের দরজাটি খোলা হয় তখন মিডল বারটি স্বয়ংক্রিয়ভাবে ভিতরের দিকে ভাঁজ হয়ে যায়।
- যখন উভয় দরজা বন্ধ থাকে, মিডল বারটি স্বয়ংক্রিয়ভাবে দুটি দরজার মাঝে সিল তৈরি করে।

**নোট:**


দরজা বন্ধ করার সময় মিডল বারটি সঠিক অবস্থানে থাকা উচিত (ভিতরের দিকে বাঁকানো)। অন্যথায় এটি ডান দরজা বা ফিক্সিং শ্যাফটকে আঘাত করবে।

# রেফ্রিজারেটরের দরজা অসমান্তরাল হলে করণীয়

**স্টেপ ১**

প্রথমে, মেইন লাইন থেকে পাওয়ার কর্ড সংযোগ বিচ্ছিন্ন করুন। এখন একটু নিখুঁতভাবে রেফ্রিজারেটরের দরজার দিকে লক্ষ্য করুন এবং খুঁজে বের করুন কোন দরজাটি অসমান্তরাল। অসমান্তরাল দরজা খুঁজে বের করার পরে এটি খুলুন এবং দরজার পকেট থেকে সকল খাবার বের করে নিন। এটি দরজাটিকে সাবলীল এবং হালকা করে তুলবে।

**স্টেপ ১-ক**



**স্টেপ ১-খ**





**স্টেপ ১-গ**



**স্টেপ ২**

অসমান্তরাল দরজার নিচে 'X' পয়েন্টটি খুঁজে বের করুন। এবার ডোর অ্যালাইনমেন্ট টুল কিটের 'A' পয়েন্ট দ্বারা 'X' পয়েন্টের নাটটি ঘড়ড়র কাঁটার দিকে ঘুরান।

**স্টেপ ২-ক**




A- নাট অ্যাডজাস্টের জন্য

B- শ্যাফট অ্যাডজাস্টের জন্য

C- শ্যাফট অ্যাডজাস্টের জন্য (B এর বিকল্প)

D- বোতল খোলার জন্য (বিকল্প ব্যবহার)

**স্টেপ ২-খ**




**স্টেপ ৩**


দরজার নিচে নাটের 'Y' পয়েন্টটি ডোর অ্যালাইনমেন্ট টুল কিটের 'B' পয়েন্ট দ্বারা ঘড়ির কাঁটার বিপরীতে ঘুরান। আপনি দেখতে পাবেন, দরজাটি উপরের দিকে উঠছে। সমান্তরাল এবং সঠিক অবস্থানে আসা মাত্রই দরজার নাট ঘুরানো বন্ধ করুন ।

**স্টেপ ২-ক**



**স্টেপ ৪**

এবার ডোর অ্যালাইনমেন্ট টুল কিটের ‘A’ পয়েন্টের সাহায্যে দরজার নিচের 'X' পয়েন্টটি ঘড়ি কাঁটার বিপরীতে ঘুরিয়ে টাইট করুন।




**স্টেপ ৫**

অবশেষে, উভয় দরজা বন্ধ করে দেখুন যে তারা সমান্তরাল হয়েছে কি না। এখন খাবারগুলি আবার দরজার পকেটে রাখুন এবং পাওয়ার কর্ডটি মেইন লাইনে সংযুক্ত করুন।

**স্টেপ ৫-ক**





**স্টেপ ৫-খ**



**স্টেপ ৫-গ**






ডোর অ্যালাইনমেন্ট
গাইডলাইনের জন্য
স্ক্যান করুন

# পাওয়ার সাপ্লাই

১. রেফ্রিজারেটরের বিদ্যুৎ প্রবাহের জন্য Single-phase AC Power ব্যবহার করতে হবে।

ভোল্টেজ : ২২০-২৪০ ভোল্ট


ফ্রিকোয়েন্সি : ৫০ হার্জ



২২০-২৪০ ভোল্ট সকেট প্রয়োজন

২. রেফ্রিজারেটরের জন্য যথোপযুক্ত আরথিং সংযোগসহ থ্রি-পিন সকেট প্রয়োজন।

৩. নিরাপত্তার জন্য সকেটের পিছনে তারের সঠিক বিন্যাস নিশ্চিত করুন। সকেটটিতে সঠিক ফেজ, নিউট্রাল ও আরথিং সংযোগ থাকতে হবে। অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা সকেটটি নিয়মিত পরীক্ষা করুন।





৪. কোনো অবস্থাতেই নিউট্রাল এর সাথে আরথিং এর সংযোগ দেয়া যাবে না। এতে তড়িতাহত হয়ে মৃত্যু হতে পারে।

৫. কোনো অবস্থাতেই আরথিং স্লটে ফেজ এর সংযোগ দেয়া যাবে না। আরথিং স্লটে হাই ভোল্টেজ পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা সকেটটি পরীক্ষা করতে হবে।

৬. পাওয়ার প্লাগের নিজস্ব একটি বৈদ্যুতিক সকেট থাকতে হবে। কোনো অবস্থাতেই এক্সটেনশন কর্ড অথবা মাল্টিপল আউটলেট ব্যবহার করা যাবে না।

৭. থ্রি-পিন সকেটের সাথে পাওয়ার প্লাগের থ্রি পিন অবশ্যই অ্যাডজাস্ট করতে হবে যেন লুজ কানেকশন না থাকে।

৮. রেফ্রিজারেটরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য কমপক্ষে 10A রেটিং এর ফিউজ সম্বলিত সকেট ব্যবহার করতে হবে। অন্যথায় 10A এর সার্কিট ব্রেকার ব্যবহার করতে হবে (নন-ইনভার্টার রেফ্রিজারেটরের ক্ষেত্রে)।




কোনো এক্সটেনশন কর্ড অথবা মাল্টিপল আউটলেট ব্যবহার করা যাবে না

৯. ইনভার্টার রেফ্রিজারেটরের ক্ষেত্রে 6A রেটেড সার্কিট ব্রেকার ব্যবহার করতে হবে।


১০. ইনভার্টার রেফ্রিজারেটর ব্যবহারের ক্ষেত্রে ভোল্টেজ স্ট্যাবিলাইজার এর কোনো প্রয়োজন নেই।

# ফ্রিজ চালুকরণ


১। ফ্রিজ চালু করার পূর্বে নরমাল পরিষ্কার পানিতে ভেজানো সুতি কাপড় দিয়ে ফ্রিজের ভিতরের সকল অংশ ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে। পরে সকল স্থান শুকনো কাপড় দিয়ে ভালোভাবে মুছে নিতে হবে।



২। পরিষ্কার করে ফ্রিজটি যথাস্থানে রাখার পর বিদ্যুৎ সংযোগ দেয়ার পূর্বে ২-৩ ঘণ্টা অপেক্ষা করা প্রয়োজন।





৩। খালি অবস্থায় ফ্রিজে বিদ্যুৎ সংযোগ দিয়ে ২ ঘণ্টা অপেক্ষা করুন।




# নিরাপত্তার জন্য সাবধানতা


১. দাহ্য দ্রব্যসমূহ, যেমন: ইথার, বেনজিন, এলপি গ্যাস এবং আঠা ইত্যাদি কখনো ফ্রিজের ভিতরে রাখবেন না।




২. ফ্রিজের উপরে কখনো পানি ছিটাবেন না। এতে ফ্রিজের গায়ে মরিচা পড়ার সূত্রপাত হতে পারে বা ইলেকট্রিক শকের কারণ হতে পারে।



৩. গ্যাসের চুলা/গ্যাস সিলিন্ডার থেকে যখন গ্যাস লিক করে তখন ফ্রিজের প্লাগ খুলবেন না বা লাগাবেন না। কারণ এতে অগ্নি-স্ফুলিঙ্গের সৃষ্টি হয়ে আগুন লাগতে পারে।



৪. তীক্ষ্ণ ধারের কোনো বস্তু দিয়ে ফ্রিজে আঁচড় দিবেন না। এতে রেফ্রিজারেটর লিকেজ হয়ে ফ্রিজের ঠান্ডা করার কাজ ব্যাহত করতে পারে।




## ব্যবহারের নির্দেশনা

**১. ফ্রিজিং**


টাটকা মাংস ফ্রিজে জমাটবদ্ধ করে রাখলে তা পুষ্টিগুণ বজায় রাখতে সাহায্য করে।

ক. দ্রুত এবং সঠিক ফ্রিজিং এর জন্য অল্প অল্প করে খাবার ফ্রিজে রাখুন। একসাথে ফ্রিজ ভর্তি করে খাবার ফ্রিজে রাখবেন না।



**২. রেফ্রিজারেশন**


ক. ফলমূল ও শাকসবজি বক্সে রাখুন। এগুলো যেন শুকিয়ে না যায় সেজন্য প্রিজারভেশন পেপার দিয়ে মুড়িয়ে রাখুন।



খ. শাকসবজি, বিনস ও কার্ডজাতীয় খাদ্যদ্রব্য যা প্রচুর পরিমাণে পানি ধারণ করে সেগুলো রেফ্রিজারেটর কম্পার্টমেন্টের নিচের দিকে সামনের অংশে রাখুন যেন বরফ জমে না যায়।


**৩. ফ্রিজে খাবার রাখা**

ক. ফ্রিজে খাবার এমনভাবে রাখতে হবে যেন খাবারগুলোর মধ্যে কিছুটা ফাঁকা জায়গা থাকে এবং ঠান্ডা বাতাস ভালোভাবে চলাচল করতে পারে।



খ. খাবারগুলো সুন্দরভাবে মুড়িয়ে রাখতে হবে যেন খাবারগুলো শুকিয়ে এবং দুর্গন্ধযুক্ত না হয়ে যায়।


গ. গরম খাবার ফ্রিজের কোনো কম্পার্টমেন্ট-এ রাখার পূর্বে অবশ্যই রুম টেম্পারেচার এ ঠান্ডা করে নিতে হবে। অন্যথায় ফ্রিজের ভিতরের তাপমাত্রা এবং বিদ্যুৎ ব্যয় বেড়ে যাবে।




**৪.১ বরফের টুকরো তৈরি ও বের করার পদ্ধতি**

ক. বরফের কেসটি পানি দ্বারা পূর্ণ করে ফ্রিজার অংশে রেখে দিন। তা ২-৩ ঘণ্টার মধ্যে বরফে পরিণত হবে।

খ. বরফের কেসটি একটু বাঁকালেই বরফের টুকরাগুলো বের হয়ে আসবে। এটিকে উপরের দিকে বা নিচের দিকে বাঁকাবেন না তাহলে এটি ভেঙে যেতে পারে।



সঠিক পদ্ধতি




ভুল পদ্ধতি

**৪.২ টুইস্ট আইস মেকার ব্যবহারের নির্দেশনা**

ক. ফ্রিজার থেকে আইস বক্স বের করে নির্দিষ্ট ওয়াটার লেভেল পর্যন্ত ঠান্ডা পানি দ্বারা পূর্ণ করুন।

খ. পানি দিয়ে পূর্ণ করে আইস বক্সটি ফ্রিজার অংশে রেখে দিন।

গ. বরফের টুকরো গঠন হয়ে গেলে আইস বক্সটি ফ্রিজার থেকে বের করে নিন এবং বাটনটি ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে দিন। এরফলে বরফের টুকরোগুলো সহজেই বের হয়ে আসবে।



**৫. রেফ্রিজারেটরটি গৃহস্থালি ও অনুরূপ কাজের জন্য ব্যবহার করার নিমিত্তে। যেমন**

ক. দোকান, অফিস এবং অন্যান্য কাজের পরিবেশে কর্মীদের রান্নাঘরের জন্য।

খ. হোটেল, মোটেল, খামার বাড়ি এবং অন্যান্য আবাসিক পরিবেশের ক্লায়েন্টদের জন্য।

গ. পারিবারিক পরিবেশের জন্য।

ঘ. ক্যাটারিং এবং অনুরূপ নন-রিটেইল কাজের জন্য।

**৬. খাবারের দূষণ এড়াতে নিম্নলিখিত নির্দেশনাবলি অনুসরণ করুন**

ক. দীর্ঘ সময়ের জন্য দরজা খোলা রাখলে ফ্রিজের কম্পার্টমেন্টের তাপমাত্রা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেতে পারে।

খ. খাদ্য এবং নিষ্কাশন ব্যবস্থার সংস্পর্শে আসতে পাওে এমন স্থানসমূহ নিয়মিত পরিষ্কার করুন।

গ. ৪৮ ঘণ্টার মধ্যে ওয়াটার ট্যাঙ্কটি ব্যবহার করা না হলে তা পরিষ্কার করে নিন। ওয়াটার সিস্টেমে ৫ দিন ধরে পানি নিষ্কাশন করা না হলে ফ্ল্যাশ করে নিন।

ঘ. রেফ্রিজারেটরে যথাযথ স্থানে এবং পাত্রে কাঁচা মাংস এবং মাছ সংরক্ষণ করুন, যাতে এক খাবার অন্য খাবারের সংস্পর্শে না আসে বা গন্ধ না ছড়ায়।


ঙ. টু-স্টার ফ্রোজেন-ফুড কম্পার্টমেন্টগুলো প্রি-ফ্রোজেন খাবার সংরক্ষণ, আইসক্রিম সংরক্ষণ বা তৈরি এবং আইস কিউব তৈরির জন্য উপযুক্ত।

চ. ওয়ান, টু এবং থ্রি-স্টার কম্পার্টমেন্টগুলো তাজা খাবার সংরক্ষণ করার জন্য উপযুক্ত নয়।


ছ. যদি রেফ্রিজারেটরটি দীর্ঘ সময়ের জন্য খালি থাকে, তাহলে সুইচ অফ করুন, ডিফ্রস্ট করুন, পরিষ্কার করুন, শুষ্ক করুন এবং যন্ত্রের মধ্যে মোল্ড রোধ করতে দরজাটি খোলা রেখে দিন।

# ব্যবহারের সাবধানতা


১. যত বেশি খাদ্যদ্রব্য ফ্রিজে রাখা হবে, যত বেশি ফ্রিজের দরজা খোলা হবে এবং দরজা খোলা যত বেশিক্ষণ থাকবে ততবেশি বিদ্যুৎ খরচ হবে, সাথে সাথে ত্রুটিরও সম্ভাবনা থাকে।




২. ফ্রিজের উপর ভারী, তীক্ষ্ণ এবং ক্ষয়কারী কোনো বস্তু রাখবেন না।




৩. ফ্রিজ বন্ধ করলে পুনরায় সংযোগ দিতে ১০ মিনিট অপেক্ষা করুন। (স্থান পরিবর্তন করলে ২-৩ ঘণ্টা এবং স্থান পরিবর্তন না করলে ১০ মিনিট)




৪. ফ্রিজারে ভঙ্গুরজাতীয় পাত্র, যেমন- কাচ, মেলামাইন ইত্যাদি বোতলজাত পানীয় রাখা উচিত নয়, রাখলেও সেই পাত্রের ১০% খালি রাখুন।



৫. বিদ্যুৎ সাপ্লাই বন্ধ অবস্থায় ফ্রিজের দরজা বেশি না খোলাই উত্তম।




৬. ফ্রিজার কম্পার্টমেন্টের ভিতরের খাবার বা কোনো পাত্র ভেজা হাত দিয়ে না ধরাই উত্তম, যাতে বরফ জমে না যায়।




# রক্ষণাবেক্ষণ

১. অবাঞ্ছিত গন্ধ থেকে মুক্ত রাখতে প্রতি মাসে একবার রেফ্রিজারেটর পরিষ্কার করুন এবং দুর্গন্ধযুক্ত খাবার রেফ্রিজারেটর থেকে বের করে রাখুন।




২. রেফ্রিজারেটর ও ফ্রিজার পরিষ্কারের সময় ইলেকট্রিক পাওয়ার প্লাগটি খুলে ফেলুন। ফ্রিজ চালু করার পূর্বে নরমাল পরিষ্কার পানিতে ভেজানো সুতি কাপড় দিয়ে ফ্রিজের ভিতরের সকল অংশ ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে। পরে সকল স্থান শুকনো কাপড় দিয়ে ভালোভাবে মুছে নিতে হবে। রেফ্রিজারেটর পরিষ্কার করার জন্য বেকিং সোডা বা হালকা ডিটারজেন্ট সলিউশন ব্যবহার করা যেতে পারে।


⚠ ব্রাশ, অমসৃণ ক্লিনার, মেটাল ক্লিনিং প্যাড অথবা হাই এলকালিন সলিউশন দ্বারা রেফ্রিজারেটর পরিষ্কার করা উচিত নয়।



৩. রেফ্রিজারেটরের পৃষ্ঠের উপর কোনো পানির ফোঁটা থাকলে তা নরম কাপড় দিয়ে মুছে নিন।



৪. রেফ্রিজারেটরের পিছনে কম্প্রেসারের উপর রক্ষিত ওয়াটার ট্রেতে ময়লা জমলে প্রয়োজন অনুযায়ী পরিষ্কার করতে হবে।



৫. রেফ্রিজারেটরটি যদি অনেকদিন অব্যবহৃত অবস্থায় রাখতে হয় তবে পাওয়ার প্লাগটি খুলে ফেলুন, তারপর অভ্যন্তরীণ কম্পার্টমেন্টটি পরিষ্কার করে ও শুকিয়ে নিন। তারপর শক্তভাবে দরজাটি আটকিয়ে দিন।



৬. ড্রেইন পাইপ ব্লক হয়ে গেলে অভ্যন্তরীণ কম্পার্টমেন্টে পানি লিক করতে পারে। এজন্য ড্রেইন পাইপ ঘনঘন পরিষ্কার করা প্রয়োজন।

# এক্সেসরিজ স্থাপন ও অপসারণ

১. ফ্রিজের ডোর পকেট বিচ্ছিন্ন করতে সমান্তরালভাবে উপরের দিকে টানুন। ঠিক বিপরীতভাবে এটিকে আবার সেট করুন।



২. ড্রেইন প্যান বিচ্ছিন্ন করতে প্যানের হোল্ডারটি সাবধানে ব্যাক কভারের ট্রেইলসহ হাত দিয়ে বিচ্ছিন্ন করুন। ঠিক এর বিপরীতভাবে এটি লাগান। অন্যান্য ক্ষেত্রে ব্যাক কভার খুলে ড্রেইন প্যান বিচ্ছিন্ন করুন।



# নিম্নোক্ত অবস্থাগুলো ত্রুটি নয়

**১. রেফ্রিজারেটরের পার্শ্বগুলো গরম হয়ে যাওয়া**

রেফ্রিজারেটর চলাকালে রেফ্রিজারেটরের দুই পার্শ্ব এবং পেছনে গরম হতে পারে কিন্তু তা এর স্বাভাবিক কর্মকে ব্যাহত করে না।

**২. রেফ্রিজারেটর ঠান্ডা হতে কিছুটা সময় প্রয়োজন**

এটা অস্বাভাবিক কিছু নয়। যদি আবহাওয়া গরম থাকে, রেফ্রিজারেটর রাখার স্থানে বায়ু চলাচল কম থাকে, রেফ্রিজারেটরে বেশি পরিমাণ নতুন খাবার বা গরম খাবার রাখা হয়, বেশি বেশি দরজা খোলা হয়, বেশি সময় ধরে বিদ্যুৎ না থাকে ইত্যাদি কারণে ফ্রিজ ঠান্ডা হতে বেশি সময় লাগে।

**৩. কম্প্রেসরের পৃষ্ঠ গরম হয়ে যাওয়া**

রেফ্রিজারেটর চালু অবস্থায় কম্প্রেসরের পৃষ্ঠ গরম হয়ে যায়। এটা স্বাভাবিক। খালি হাতে কম্প্রেসর স্পর্শ করবেন না।

# খাবার সংরক্ষণের জন্য পরামর্শ

**খাবার সংরক্ষণ**

- তাজা খাবার ফ্রিজে রাখুন। খাবারের স্বাদ এবং সতেজতা বজায় রাখার জন্য খাবারগুলো কিভাবে ফ্রিজিং এবং আনফ্রিজিং করবেন তা একটি গুরুত্বপূর্ণ বিষয়।
- কম তাপমাত্রায় নষ্ট হয়ে যাওয়া খাবার, যেমন- কলা, কাঁঠাল, তরমুজ ইত্যাদি ফ্রিজে রাখা উচিত নয়।
- গরম খাবার ফ্রিজে রাখার আগে স্বাভাবিক হওয়ার জন্য যথেষ্ট সময় দেওয়া উচিত। গরম খাবার অন্যান্য খাবারও নষ্ট করতে পারে এবং উচ্চ বৈদ্যুতিক বিলের কারণ হতে পারে।
- খাবার সবসময় বাক্স বা পাত্রে ঢেকে রাখুন। খাবারগুলো খোলা রাখলে সেগুলো শুকিয়ে যায় এবং তাদের স্বাদ ও মান নষ্ট হয়।
- ঠান্ডা বায়ুপ্রবাহের পথে খাবার সংরক্ষণ করবেন না। ঠান্ডা বাতাসের একটানা প্রবাহ রেফ্রিজারেটরের অভ্যন্তরে তাপমাত্রাকে সর্বদা অভিন্ন রাখে।
- ঘনঘন রেফ্রিজারেটর খোলা থেকে বিরত থাকুন। ঘনঘন খোলার ফলে ক্যাবিনেটে উষ্ণ বাতাস প্রবেশ করতে পারে এবং রেফ্রিজারেটরের ভেতরে তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।
- উপযুক্ত তাপমাত্রা এবং সহজ নিয়ন্ত্রণ রাখতে, টেম্পারেচার কন্ট্রোলারের নিকট খাবার রাখবেন না।

**ফ্রিজার কম্পার্টমেন্ট**

- বোতল ফ্রিজারের ভিতরে রাখা উচিত নয়, কারণ বোতলের তরল জমাট বাঁধতে পারে এবং এটি ভেঙে যেতে পারে।
- একবার বরফ গলানো খাবার আবার ফ্রিজে রাখা উচিত নয়, কারণ এতে খাবারের মান নষ্ট হতে পারে।
- দরজার পকেটে আইসক্রিম-জাতীয় হিমায়িত খাবার রাখবেন না, ফ্রিজারের শেলফে রাখুন।

**ফ্রিজ কম্পার্টমেন্ট**

- উচ্চ আর্দ্রতাযুক্ত খাবার রেফ্রিজারেটরের সবচেয়ে ঠান্ডা জায়গার কাছে রাখা উচিত নয় কারণ ঠান্ডা বাতাস এটিকে বরফে পরিণত করতে পারে।
- খাবার সংরক্ষণের আগে ফ্রিজের ভেতর পরিষ্কার করতে হবে। ধোয়া এবং শুকানোর পরে সবজি এবং ফল সংরক্ষণ করা উচিত। প্যাকেটজাত খাবার সংরক্ষণ করার আগে একটি শুকনো কাপড় দিয়ে মুছা উচিত। অন্যথা, এটি অন্যান্য খাবার নষ্ট করতে পারে।
- ডিমের পকেটে তাজা ডিম রাখুন। ডিমের সুচালো মাথাটি উপরের দিকে রাখা উচিত কারণ ডিম এই অবস্থানে ভালো থাকে।

# নিজে নিজে পরীক্ষার জন্য দিক নির্দেশনা

| পরিস্থিতি | পরীক্ষণ |
|---|---|
| রেফ্রিজারেটর ঠিকমতো কাজ না করা | ● পরীক্ষা করে দেখুন যে পাওয়ার ঠিকমতো কাজ করছে কি না।<br>● পরীক্ষা করুন যে পাওয়ার কর্ড ঠিকমতো লাগানো আছে কি না।<br>● পরীক্ষা করুন যে ফিউজ (সার্কিট ব্রেকার) ঠিকমতো কাজ করছে কি না। |
| প্রয়োজন অনুসারে ঠান্ডা না হওয়া | ● দেখুন খাদ্যসামগ্রী খুব ঠাসাঠাসি করে লাগানো আছে কি না, তাই ঠান্ডা বাতাস চতুর্দিকে ঠিকমত প্রবাহিত হতে পারছে না।<br>● পরীক্ষা করে দেখুন তাপমাত্রা কন্ট্রোল সুইচের কাঁটা ঠিক জায়গায় রয়েছে কি না।<br>● লক্ষ্য রাখুন যে আপনি গরম কোনো খাদ্যসামগ্রী রেখেছেন কি না।<br>● দরজা ঠিকমতো লাগানো আছে কি না দেখুন।<br>● পরীক্ষা করে দেখুন রেফ্রিজারেটরে ঠিকমতো বাতাস প্রবাহিত হচ্ছে কি না। |
| রেফ্রিজারেটর কম্পার্টমেন্ট-এ খাদ্য জমে যাওয়া | ● তাপমাত্রা কন্ট্রোলারের পজিশন তাপমাত্রা সমন্বয় নির্দেশনাবলি অনুযায়ী আছে কি না দেখুন।<br>● খাদ্যসামগ্রী পেছনের দেয়ালে অথবা বায়ু প্রবেশের পথে রেখেছেন কি না দেখুন। |
| রেফ্রিজারেটর কম্পার্টমেন্ট থেকে পানি লিক করা | ● নিষ্কাশন পাইপে ব্লক আছে কি না দেখুন।<br>● যে সকল বস্তু ফ্রিজে সংরক্ষিত আছে তা থেকে পানি লিক করছে কি না দেখুন। |
| শব্দ হওয়া | ● রেফ্রিজারেটর দৃঢ়ভাবে স্থাপিত হয়েছে কি না দেখুন।<br>● রেফ্রিজারেটর কোনো বস্তু দ্বারা আঘাতপ্রাপ্ত হচ্ছে কি না খেয়াল রাখুন। |
| কম্প্রেসার অবিরাম চলতে থাকা | ● ফ্রিজে প্রচুর পরিমাণে নতুন খাদ্যসামগ্রী একই সময়ে ঠাসাঠাসি করে রেখেছেন কি না দেখুন।<br>● ফ্রিজের দরজা কি অনবরত খোলা হয় অথবা অনেকক্ষণ ধরে খোলা রাখা হয় ?<br>● রেফ্রিজারেটর ও ফ্রিজার কম্পার্টমেন্টে তাপমাত্রা কন্ট্রোলারের পজিশন তাপমাত্রা-সমন্বয় নির্দেশনাবলি অনুযায়ী আছে কি না দেখুন। |

**উল্লেখ্য: যদি উপরিউক্ত উপায়ে সমস্যাগুলো থেকে পরিত্রাণ না পাওয়া যায় তবে অতিসত্বর সার্ভিসিং এর জন্য অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করতে হবে।**

# ডিসপ্লে অপারেশন (WNR-6F0 FLUID DYNAMIC DISPLAY)

রেফ্রিজারেটরের ডিসপ্লে প্যানেলে মোট ৪টি টাচ বাটন রয়েছে





## সিঙ্গেল বাটন অপারেশন


### বাটন ১: Select & Lock (3s)


**সিঙ্গেল টাচ:** তাপমাত্রা বৃদ্ধি বা হ্রাস করার জন্য প্রথমে কাঙ্ক্ষিত কেবিনেট নির্বাচন করতে এই বাটনে একবার ট্যাপ করুন। নির্বাচিত কেবিনেটের চারপাশে নীল রঙের বর্ডার প্রদর্শিত হবে।

**টাচ অ্যান্ড হোল্ড (3s):** টাচ বাটনগুলো লক বা আনলক করতে এই বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। লক বা আনলক সম্পন্ন হলে ডিসপ্লের স্ট্যাটাস বারে সংশ্লিষ্ট আইকন প্রদর্শিত হবে।

**উপকারিতা:** লক ফিচার অনিচ্ছাকৃতভাবে সেটিংস পরিবর্তন হওয়া প্রতিরোধ করে।









Lock



Unlock

### বাটন ২: ⊖ & E-Save (3s)

**সিঙ্গেল টাচ:** নির্বাচিত কেবিনেটের তাপমাত্রা কমাতে এই বাটনে একবার ট্যাপ করুন।

**টাচ অ্যান্ড হোল্ড (3s):** ই-সেভ মোড অন/অফ করতে এই বাটনে ট্যাপ করে ৩ সেকেন্ড ধরে রাখুন। ই-সেভ অন/অফ হলে ডিসপ্লেতে ই-সেভের আইকন প্রদর্শিত হবে।

**E-Save মোডের সুবিধা:** এই মোড সর্বোচ্চ বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিত করে।



E-Save On



E-Save Off

**দ্রষ্টব্য**

১. E-Save শুধুমাত্র Standard Mode-এ কার্যকর হবে।

২. E-Save মোডে কম্প্রেসর একটি বিশেষভাবে ডিজাইনকৃত গতি প্যাটার্ন অনুসরণ করবে।

### বাটন ৩: ⊕ & Turbo (3s)

**সিঙ্গেল টাচ:** নির্বাচিত কেবিনেটের তাপমাত্রা বাড়াতে এই বাটনে একবার ট্যাপ করুন।

**টাচ অ্যান্ড হোল্ড (3s):** Turbo Mode চালু বা বন্ধ করতে এই বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। Turbo Mode সক্রিয় হলে ডিসপ্লেতে Turbo আইকন প্রদর্শিত হবে।



Turbo On

**Turbo Mode-এর সুবিধা:** এই মোড রেফ্রিজারেটরের শীতলীকরণ প্রক্রিয়া দ্রুততর করে এবং অল্প সময়ের মধ্যে নির্ধারিত তাপমাত্রায় পৌঁছাতে সহায়তা করে। নির্ধারিত তাপমাত্রায় পৌঁছানোর পর Turbo Mode স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।



Turbo Off

⚠ **সতর্কতা:** Turbo Mode সক্রিয় থাকলে কম্প্রেসর সর্বোচ্চ গতিতে পরিচালিত হবে।

### বাটন ৪: Convert & Wi-Fi (3s)

**সিঙ্গেল টাচ: Convertible Features (9 in 1 Mode)** পরিবর্তন করতে এই বাটনে একবার ট্যাপ করুন। এরপর "+" অথবা "-" বাটন ব্যবহার করে পছন্দসই মোড নির্বাচন করুন।

মোড পরিবর্তনের সময় ডিসপ্লের নিচের বাম পাশে নির্বাচিত মোডের নাম প্রদর্শিত হবে।




**টাচ অ্যান্ড হোল্ড:** Wi-Fi Pairing Mode চালু করতে এই বাটনটি ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। Wi-Fi আইকন ব্লিংক করতে শুরু করবে।

এরপর:

- Play Store (Android) অথবা App Store (iOS) থেকে Walton Smart Appliances অ্যাপ ইনস্টল করুন।
- অ্যাপের মাধ্যমে রেফ্রিজারেটর সংযুক্ত করুন।

সংযোগ সফল হলে Wi-Fi আইকন স্থির হয়ে যাবে। বিদ্যমান Wi-Fi সংযোগ বিচ্ছিন্ন করে পুনরায় Pairing Mode-এ যেতে একই বাটন পুনরায় ৩ সেকেন্ড চেপে ধরুন।

⚠ **সতর্কতা:** 2.4 GHz Wi-Fi সংযোগ ও স্মার্টফোনে সক্রিয় ইন্টারনেট সংযোগ থাকতে হবে।




## ডাবল বাটন অপারেশন

### ▶▶ বাটন ১ + ৩: **Manual Defrost (3s)**

**টাচ অ্যান্ড হোল্ড:** ম্যানুয়াল ডিফ্রস্ট চালু করতে বাটন ১ ও ৩ একসাথে ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন।





রেফ্রিজারেটরে স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট সময় পরপর ডিফ্রস্ট প্রক্রিয়া চালু হয়। তবে বিশেষ পরিস্থিতিতে যেমন: বাসা পরিবর্তনের আগে, রেফ্রিজারেটর পরিষ্কারের আগে ম্যানুয়ালি ডিফ্রস্ট চালু করা যেতে পারে। ডিফ্রস্ট চলাকালীন ডিসপ্লেতে **"Defrost Mode in Progress"** প্রদর্শিত হবে।

**দ্রষ্টব্য:** ডিফ্রস্টের প্রয়োজনীয় শর্ত পূরণ হলেই **Manual Defrost** কার্যকর হবে।

⚠ **সতর্কতা:** ম্যানুয়াল ডিফ্রস্ট চলাকালীন ফ্রিজার এবং ফ্রিজ কেবিনেটের তাপমাত্রা সাময়িকভাবে বৃদ্ধি পেতে পারে।

### বাটন ২ + ৩: **Clock Setting (3s)**




**সময় ও তারিখ:** সময় ও তারিখ পরিবর্তনের জন্য বাটন ২ ও ৩ একসাথে ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন। এরপর:

- বাটন ১ ব্যবহার করে Hour, Minute, Day, Date ও Year নির্বাচন করুন।
- বাটন ২ (-) এবং বাটন ৩ (+) ব্যবহার করে মান পরিবর্তন করুন।

পরিবর্তন সম্পন্ন হলে পুনরায় বাটন ২ ও ৩ একসাথে ৩ সেকেন্ড চেপে ধরে সেটিং সংরক্ষণ করুন।

**Clock On/Off:** ডিফল্টভাবে Clock চালু থাকবে। Clock Settings স্ক্রিনে অবস্থানকালে বাটন ৪ একবার ট্যাপ করলে Clock বন্ধ হবে।

**Auto Sync:** ডিফল্টভাবে সময় ও তারিখ ইন্টারনেট থেকে স্বয়ংক্রিয়ভাবে Sync হবে। Auto Sync বন্ধ করতে Clock Settings স্ক্রিনে অবস্থানকালে বাটন ৪ তিন সেকেন্ড চেপে ধরে রাখুন।

### বাটন ৩ + ৪: **Self Diagnosis (3s)**

**[শুধুমাত্র সার্ভিস এক্সপার্টদের জন্য প্রযোজ্য]**




Self Diagnosis চালু করতে বাটন ৩ ও ৪ একসাথে ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন।

এই প্রক্রিয়ায় সিস্টেম প্রায় ২০০ সেকেন্ড ধরে সকল ইলেকট্রনিক কম্পোনেন্ট পরীক্ষা করবে। পরীক্ষাকালীন ডিসপ্লেতে "Test Serial" প্রদর্শিত হবে। এই ফিচারটি মূলত সার্ভিস এক্সপার্টদের জন্য সুপারিশকৃত।

**Self-Diagnosis**

| টেস্ট সিরিয়াল | লোকেশন | ইলেক্ট্রনিক ডিভাইস | টেস্ট টাইমলাইন | |
|---|---|---|---|---|
| | | | শুরু (সে.) | শেষ (সে.) |
| ০১ | কম্প্রেসার হাউজিং | স্টেপ ভালভ | ০ | ২০০ |
| ০২ | | কনডেনসার ফ্যান | ৩০ | ২০০ |
| ০৩ | | কম্প্রেসার | ৫০ | ১০০ |
| ০৪ | ফ্রিজার কমপার্টমেন্ট | ফ্রিজার কেবিনেট এলইডি | ৭০ | ২০০ |
| ০৫ | | ফ্রিজার ইভাপোরেটর ফ্যান | ৮০ | ১০০ |
| ০৬ | | ফ্রিজার ইভাপোরেটর হিটার | ১০০ | ১১০ |
| ০৭ | ফ্রিজার+ কমপার্টমেন্ট | ফ্রিজার+ কেবিনেট এলইডি | ১১০ | ২০০ |
| ০৮ | | ফ্রিজার+ ইভাপোরেটর ফ্যান | ১২০ | ১৪০ |
| ০৯ | | ফ্রিজার+ ইভাপোরেটর হিটার | ১৪০ | ১৫০ |
| ১০ | ফ্রিজ কমপার্টমেন্ট | কেবিনেট এলইডি | ১৫০ | ২০০ |
| ১১ | | ফ্রিজ ইভাপোরেটর ফ্যান | ১৫৫ | ২০০ |
| ১২ | | বাম কেবিনেট এলইডি | ১৬০ | ২০০ |
| ১৩ | | ডান কেবিনেট এলইডি | ১৬৫ | ২০০ |
| ১৪ | | ডেকোরেটিভ এলইডি ১ | ১৭০ | ২০০ |
| ১৫ | | ডেকোরেটিভ এলইডি ২ | ১৭৫ | ২০০ |
| ১৬ | | ভেজিটেবল ফ্রেশনেস এলইডি | ১৮০ | ২০০ |
| ১৭ | | আয়নাইজার ফ্যান | ১৯০ | ২০০ |
| ১৮ | | বাযার | ১৯৭ | ২০০ |

**বাটন ১ + ২: System Reset (3s)**

**টাচ অ্যান্ড হোল্ড:** সম্পূর্ণ সিস্টেম পুনরায় চালু করে ডিফল্ট সেটিংস পুনঃস্থাপন করতে বাটন ১ ও ২ একসাথে ৩ সেকেন্ড চেপে ধরে রাখুন।

⚠ **সতর্কতা:** পূর্ববর্তী সেটিংস মুছে যাবে।

**অপারেশন চলাকালীন স্মার্ট সুরক্ষা:**


**Error Codes E11/E12/ E21/E22/ E31/E32/ E41/ F11/F21/ F31/F41**


| বিস্তারিত | এরর কোড | বিস্তারিত | এরর কোড |
|---|---|---|---|
| ফ্রিজার সেন্সর এরর | E11 | অ্যাম্বিয়েন্ট সেন্সর এরর | E41 |
| ফ্রিজার ডিফ্রস্ট সেন্সর এরর | E12 | ফ্রিজার ফ্যান এরর | F11 |
| ফ্রিজার+ সেন্সর এরর | E21 | ফ্রিজার+ ফ্যান এরর | F21 |
| ফ্রিজার+ ডিফ্রস্ট সেন্সর এরর | E22 | রেফ্রিজারেটর ফ্যান এরর | F31 |
| রেফ্রিজারেটর সেন্সর এরর | E31 | কনডেন্সার ফ্যান এরর | F41 |
| রেফ্রিজারেটর ডিফ্রস্ট সেন্সর এরর | E32 | | |

**প্রটেকটিভ শাটডাউন:** Sensor Error (E12/E22/E32/F11/F21/F31/F41) প্রদর্শিত হলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং সকল রেফ্রিজারেশন কার্যক্রম বন্ধ থাকবে।

⚠ **সতর্কতা:** উপরিউক্ত ত্রুটিগুলোর যেকোনোটি প্রদর্শিত হলে অনুগ্রহ করে দ্রুত ১৬২৬৭ অথবা ০৮০০০০১৬২৬৭ নম্বরে আমাদের কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন।

# ডিসপ্লে অপারেশন (WNR-6F0 MONOCHROME LCD DISPLAY)




### টাচ বাটন ১: **Select/Lock (3s)**

| | |
|---|---|
| **Select** | এই বাটনটি একবার টাচ করলে কেবিনেট সিলেকশন পরিবর্তন হবে। নির্বাচিত কেবিনেটে সেটকৃত তাপমাত্রা ব্লিংক করবে। ব্যবহারকারীকে কোনো একটি কেবিনেটের তাপমাত্রা পরিবর্তন করতে হলে অবশ্যই প্রথমে কেবিনেটটি সিলেক্ট করে নিতে হবে। |

| | |
|---|---|
| **Lock** | সিস্টেম লক অথবা আনলক করতে এই বাটনটি টাচ করে ৩ সেকেন্ড ধরে রাখুন। সিস্টেম লক হলে লক আইকনটি দেখা যাবে। লক করার ফলে সেটিংসে অপ্রত্যাশিত পরিবর্তন এড়ানো সম্ভব।<br>⚠ **সতর্কতা**<br>**সিস্টেম লক চালু থাকাকালীন টাচ বাটনগুলো কাজ করবে না।** |

▶▶ টাচ বাটন ২: **+/ E-Save (3s)**

| | |
|---|---|
| **+** | নির্বাচিত কেবিনেটে তাপমাত্রা বাড়াতে এই বাটনটি ব্যবহার করুন। বাটনটির মাধ্যমে কেবিনেটের তাপমাত্রা সর্বোচ্চ সীমা পর্যন্ত বাড়ানো সম্ভব। |
| **E-Save** | ই-সেইভ **(E-Save)** মোড অন/অফ করতে এই বাটনটি টাচ করে ৩ সেকেন্ড ধরে রাখুন। মোড চালু হলে আইকনটি দেখা যাবে। এই মোডটি বিদ্যুতের সর্বোচ্চ সাশ্রয় নিশ্চিত করে।<br>📝 **নোট**<br>**এই মোড চলাকালীন কম্প্রেসারটি এমন একটি স্পিডে চলবে যা বিশেষ করে ই-সেইভ মোডের জন্য প্রস্তুতকৃত।** |

▶▶ টাচ বাটন ৩: **-/ Turbo (3s)**

| | |
|---|---|
| **-** | নির্বাচিত কেবিনেটের তাপমাত্রা কমাতে এই বাটনটি প্রেস করুন। বাটনটির মাধ্যমে কেবিনেটের তাপমাত্রা সর্বনিম্ন সীমা পর্যন্ত কমানো যাবে। |
| **Turbo** | টার্বো মোড চালু এবং বন্ধ করতে এই বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন। টার্বো মোড আইকন দেখা যাবে। এই মোড অন করার ফলে রেফ্রিজারেটরে কুলিং দ্রুত হবে। যার অর্থ সেটকৃত তাপমাত্রায় পৌঁছাতে রেফ্রিজারেটরটি অপেক্ষাকৃত কম সময় নিবে। যাইহোক, কাঙ্ক্ষিত তাপমাত্রায় পৌঁছানোর পরে টার্বো মোড স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।<br>⚠ **সতর্কতা**<br>**টার্বো মোড চালু অবস্থায় কম্প্রেসরটি তার সর্বোচ্চ গতিতে চলতে থাকবে।** |

▶▶ টাচ বাটন ৪: **Convert/Wifi (3s)**

| | |
|---|---|
| **Convert** | কনভার্টিবল ফিচারসমূহ **(Soft: -6°C, Chill: 0°C, Cool: +4°C)** পরিবর্তন করতে এই বাটন প্রেস করুন। সেটকৃত তাপমাত্রার উপর নির্ভর করে যখন কনভার্টিবল মোড পরিবর্তন করা হবে তখন সংশ্লিষ্ট ফিচারের আইকন দেখা যাবে। Freezer+ ক্যাবিনেটটি কনভার্টিবল হবে।<br>⚠ **সতর্কতা:** এই মোডে **Freezer+ cabinet** এর তাপমাত্রা অনেক বেশি হবে যা ফ্রিজিং এর উপযোগী নয়। |

**Wi-Fi**

ওয়াইফাই চালু করতে এই বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন। ওয়াইফাই আইকনটি ব্লিংক করা শুরু করবে। এ অবস্থায় আপনি আপনার রেফ্রিজারেটরটি ওয়ালটন স্মার্ট অ্যাপ্লায়েন্স অ্যাপের সাথে কানেক্ট করতে পারবেন। প্লে স্টোর (অ্যান্ড্রয়েড) অথবা অ্যাপ স্টোর (আইওএস) থেকে অ্যাপটি ডাউনলোড করে নিন। সফলভাবে কানেকশন পেলে ওয়াইফাই আইকনটি ব্লিংকিং করা বন্ধ করে একটানা জ্বলে থাকবে। বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখলে ওয়াইফাই বন্ধ হয়ে যাবে।

⚠ **সতর্কতা**

**এই ফিচারটি ব্যবহার করতে হলে ২.৪ গিগাহার্জের ওয়াইফাই কানেকশন আবশ্যক এবং আপনার ফোনে অবশ্যই ইন্টারনেট চালু থাকতে হবে।**

▶▶ টাচ বাটন ১ ও ২: সিস্টেম রিসেট (৩ সেকেন্ড)

**System Reset**

সিস্টেম রিসেট পুরো সিস্টেমকে পুনরায় শুরু করে এবং ডিফল্ট সেটিং এ ফিরিয়ে নিয়ে যায়। এই বাটন দুইটি একসাথে প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখলে সিস্টেম রিসেট চালু হবে।

⚠ **সতর্কতা: পূর্ববর্তী সকল সেটিং মুছে যাবে।**

▶▶ টাচ বাটন ২ ও ৩: ম্যানুয়াল ডিফ্রস্ট (৩ সেকেন্ড)

**Manual Defrost**

সাধারণত আপনার রেফ্রিজারেটরটি স্বয়ংক্রিয়ভাবেই ডিফ্রস্ট করে রেফ্রিজারেটরের অতিরিক্ত বরফ গলিয়ে ফেলে। যদি আপনি নিজে থেকেই ডিফ্রস্ট করতে চান তাহলে এই বাটন দুইটি একসাথে প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন। ম্যানুয়াল ডিফ্রস্ট চলা অবস্থায় ফ্রিজার ডিসপ্লেতে **dU** প্রদর্শিত হবে।

📝 নোট:

ম্যানুয়াল ডিফ্রস্ট শুধুমাত্র তখনই শুরু হবে যদি ডিফ্রস্টের শর্তগুলি যথাযথভাবে পূরণ করা হয়।

⚠ **সতর্কতা:**

ম্যানুয়াল ডিফ্রস্টের সময় ফ্রিজার এবং ফ্রিজ কেবিনেটের তাপমাত্রা বৃদ্ধি পাবে।

▶▶ টাচ বাটন ৩ ও ৪: সেলফ ডায়াগনোসিস (৩ সেকেন্ড)

সেলফ-ডায়াগনোসিস শুরু করতে এই বাটন দুইটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন। সেলফ-ডায়াগনোসিস চলাকালীন সিস্টেমটি ২০০ সেকেন্ড সময় ধরে পরীক্ষা করে দেখবে সকল ইলেকট্রনিক যন্ত্র ঠিকঠাক কাজ করছে কি না। রেফ্রিজারেটর ডিসপ্লেতে টেস্ট সিরিয়াল দেখা যাবে এবং টেস্ট কত সময় ধরে চলছে তা ফ্রিজার ও ফ্রিজার+ ডিসপ্লেতে প্রদর্শিত হবে। এই অপশনটি সার্ভিস এক্সপার্টদের জন্য অত্যাবশ্যক।

## Self-Diagnosis

| টেস্ট সিরিয়াল | লোকেশন | ইলেক্ট্রনিক ডিভাইস | টেস্ট টাইমলাইন | |
|---|---|---|---|---|
| | | | শুরু (সে.) | শেষ (সে.) |
| ০১ | কম্প্রেসার হাউজিং | স্টেপ ভালভ | ০ | ২০০ |
| ০২ | | কনডেনসার ফ্যান | ৩০ | ২০০ |
| ০৩ | | কম্প্রেসার | ৫০ | ১০০ |
| ০৪ | ফ্রিজার কমপার্টমেন্ট | ফ্রিজার কেবিনেট এলইডি | ৭০ | ২০০ |
| ০৫ | | ফ্রিজার ইভাপোরেটর ফ্যান | ৮০ | ১০০ |
| ০৬ | | ফ্রিজার ইভাপোরেটর হিটার | ১০০ | ১১০ |
| ০৭ | ফ্রিজার+ কমপার্টমেন্ট | ফ্রিজার+ কেবিনেট এলইডি | ১১০ | ২০০ |
| ০৮ | | ফ্রিজার+ ইভাপোরেটর ফ্যান | ১২০ | ১৪০ |
| ০৯ | | ফ্রিজার+ ইভাপোরেটর হিটার | ১৪০ | ১৫০ |
| ১০ | ফ্রিজ কমপার্টমেন্ট | কেবিনেট এলইডি | ১৫০ | ২০০ |
| ১১ | | ফ্রিজ ইভাপোরেটর ফ্যান | ১৫৫ | ২০০ |
| ১২ | | বাম কেবিনেট এলইডি | ১৬০ | ২০০ |
| ১৩ | | ডান কেবিনেট এলইডি | ১৬৫ | ২০০ |
| ১৪ | | ডেকোরেটিভ এলইডি ১ | ১৭০ | ২০০ |
| ১৫ | | ডেকোরেটিভ এলইডি ২ | ১৭৫ | ২০০ |
| ১৬ | | ভেজিটেবল ফ্রেশনেস এলইডি | ১৮০ | ২০০ |
| ১৭ | | আয়নাইজার ফ্যান | ১৯০ | ২০০ |
| ১৮ | | বাযার | ১৯৭ | ২০০ |

### ন্যাচার ফ্রেশ

**Nature Fresh**

ন্যাচার ফ্রেশ কেবিনেটের ব্যাকটেরিয়া ধ্বংস করে এবং বাতাসের দুর্গন্ধ দূর করে। এটি খাবার দীর্ঘদিন সতেজ রাখতেও সাহায্য করে।

### হলিডে মোড



**Holiday Mode**

রেফ্রিজারেটর কমপার্টমেন্টের তাপমাত্রা সর্বোচ্চ বৃদ্ধি করে হলিডে মোড চালু করা হয়। এই মোড চালু থাকাকালীন রেফ্রিজারেটর কমপার্টমেন্টের কুলিং অপারেশন বন্ধ থাকে। এসময় রেফ্রিজারেটর সেকশনে হলিডে মোড আইকন প্রদর্শিত হয়। হলিডে মোড বন্ধ করতে রেফ্রিজারেটর কমপার্টমেন্টের তাপমাত্রা কমিয়ে দিন।

**নোট**

**হলিডে মোড চালু থাকা অবস্থায় ফ্রিজ কুলিং এবং নেচার ফ্রেশ মোড বন্ধ থাকে।**

### ডোর ওপেন ডিটেকশন:

**Door Open Detection**

রেফ্রিজারেটরের ডোর ১ মিনিটের বেশি সময় খোলা থাকলে ডোর অ্যালার্ম বেজে উঠে এবং ডোর বন্ধ না করা পর্যন্ত সেটি বাজতে থাকে। ডোর খোলা থাকলে ডোর ওপেন ইন্ডিকেটর জ্বলে উঠে।

**⚠ সতর্কতা: বেশি সময় ধরে ডোর খুলে রাখা থেকে বিরত থাকুন। ডোর খোলা থাকলে কেবিনেটের তাপমাত্রা বেড়ে যায়।**

## সমস্যা চলাকালীন নিরাপত্তামূলক অপারেশন

**Error Codes E11/E12/ E21/E22/ E31/E32/ E41/ F11/F21/ F31/F41**

| কানেক্টর | বিস্তারিত | এরর কোড |
|---|---|---|
| CaS1 | ফ্রিজার সেন্সর এরর | E11 |
| DeS1 | ফ্রিজার ডিফ্রস্ট সেন্সর এরর | E12 |
| CaS2 | ফ্রিজার+ সেন্সর এরর | E21 |
| DeS2 | ফ্রিজার+ ডিফ্রস্ট সেন্সর এরর | E22 |
| CaS3 | রেফ্রিজারেটর সেন্সর এরর | E31 |
| DeS3 | রেফ্রিজারেটর ডিফ্রস্ট সেন্সর এরর | E32 |
| AmS | অ্যাম্বিয়েন্ট সেন্সর এরর | E41 |
| EvF1 | ফ্রিজার ফ্যান এরর | F11 |
| EvF2 | ফ্রিজার+ ফ্যান এরর | F21 |
| EvF3 | রেফ্রিজারেটর ফ্যান এরর | F31 |
| CoF | কনডেন্সার ফ্যান এরর | F41 |

## অ্যাবনরমাল রেফ্রিজারেশন

**অ্যাবনরমাল রেফ্রিজারেশন**

এরর কোড **(E11/E21/E31/E41)** প্রদর্শনকালীন, সিস্টেমটি ফ্রিজার এবং ফ্রিজ কেবিনেট উভয়ের জন্য একটি সময়ভিত্তিক কুলিং সাইকেল অনুসরণ করে। অ্যাবনরমাল রেফ্রিজারেশন চলাকালীন, রেফ্রিজারেটর ডিসপ্লেতে **-A-** প্রদর্শিত হবে।

**⚠ সতর্কতা: অ্যাবনরমাল রেফ্রিজারেশনের সময় নিয়মিত রেফ্রিজারেশন প্রক্রিয়া কাজ করবে না। রেফ্রিজারেটরে এই সমস্যা দেখা দিলে অনুগ্রহ করে আমাদের কাস্টমার কেয়ারে (১৬২৬৭ অথবা ০৮০০০০১৬২৬৭) যোগাযোগ করুন।**

## অ্যাবনরমাল ডিফ্রস্ট

**অ্যাবনরমাল ডিফ্রস্ট**

অ্যাবনরমাল ডিফ্রস্টের কারণে ফ্রিজার কেবিনেটে বরফ গলে যাবে। অ্যাবনরমাল ডিফ্রস্ট চালু হলে রেফ্রিজারেটর ডিসপ্লেতে **dA** প্রদর্শিত হবে এবং ব্লিংক করবে। ডিফ্রস্ট চক্র সম্পন্ন হলে রেফ্রিজারেটরটি সাধারণ নিয়মে কুলিং ফাংশনের কাজ করবে এবং ডিসপ্লে **dA** আর প্রদর্শিত হবে না।

**⚠ সতর্কতা: অ্যাবনরমাল ডিফ্রস্ট চলাকালীন ফ্রিজার এবং ফ্রিজ কম্পার্টমেন্টের তাপমাত্রা বৃদ্ধি পায়।**

## অ্যাবনরমাল শাটডাউন

**অ্যাবনরমাল শাটডাউন**

সেন্সর এরর **(E12/E22/E32/F11/F21/F31/F41)** এর সময় সিস্টেমটি বন্ধ হয়ে যাবে এবং সকল রেফ্রিজারেশন কার্যকলাপ থেমে যাবে।


**⚠সতর্কতা: রেফ্রিজারেটরে এই সমস্যা দেখা দিলে অনুগ্রহ করে আমাদের কাস্টমার কেয়ারে (১৬২৬৭ অথবা ০৮০০০০১৬২৬৭) যোগাযোগ করুন।**

# কনভার্টিবল মোডসমূহের জন্য নির্দেশনাবলি (WNR-6F0)

## Standard Mode

**(FC-1: -14°C to -24°C, FC-2: -14°C to -24°C, PC: 1°C to 8°C)**

FC-1, FC-2 এবং PC নিয়মিত FC এবং PC হিসেবে ব্যবহার করা যায়। অর্থাৎ কাঁচা মাছ, মাংস এবং ফ্রোজেন খাবার FC- তে (FC-1, FC-2) রাখা যাবে এবং রান্না করা খাবার, ফলমূল এবং শাকসবজি PC-তে রাখা যাবে।



Standard

## Gentle Freezer+

**(FC-1: -14°C to -24°C, FC-2: -6°C, PC: 1°C to 8°C)**

FC-1 রেগুলার ফ্রিজার হিসেবে ব্যবহার করা যাবে। মাছ ও মাংস FC-2 -এ অল্প কিছুদিনের জন্য সংরক্ষণ করা যায় (১-৩ দিন)। এই মোডে সংরক্ষণ করা মাছ ও মাংস থেকে বরফ গলাতে খুব বেশি সময়ের প্রয়োজন হবে না কারণ তাতে শক্ত বরফ জমে না। সাধারণভাবেই রান্না করা খাবার, ফলমূল এবং শাকসবজি রাখতে PC ব্যবহার করা হবে। এটি স্ট্যান্ডার্ডের তুলনায় অধিক জ্বালানি সাশ্রয় করবে।




Gentle Freezer+

## Extended Chill

**(FC-1: -14°C to -24°C, FC-2: 0°C, PC: 1°C to 8°C)**

যদি মেরিনেটেড খাবার, দুধ, বাটার, দই অথবা ক্রিম সংরক্ষণ করতে হয় তাহলে FC-2-তে রাখতে পারবেন। FC-1 কে রেগুলার ফ্রিজার হিসেবে ব্যবহার করা যাবে। রান্না করা খাবার, ফলমূল এবং মটরশুটি সাধারণভাবেই PC- তে রাখা যাবে।




Extended Chill

## Ultra Fresh

**(FC-1: -14°C to -24°C, FC-2: +4°C, PC: 1°C to 8°C)**

যদি আপনার অনেক শাকসবজি ও ফলমূল সংরক্ষণ করার প্রয়োজন হয় তাহলে আপনি FC-2 এবং PC-তে এই মোডে সংরক্ষণ করতে পারবেন। পাশাপাশি FC-1 ও কাঁচা মাছ, মাংস এবং ফ্রোজেন খাবার সংরক্ষণ করতে ব্যবহার করা যাবে।



Ultra Fresh

### Lite Freezer

**(FC-1: -14°C to -24°C, FC-2: OFF, PC: 1°C to 8°C)**

যদি সামান্য কিছু ফ্রোজেন আইটেম সংরক্ষণ করতে হয় তাহলে FC-2 বন্ধ রাখুন এবং কাঁচা মাছ, মাংস এবং ফ্রোজেন খাবার FC-1-এ রাখুন। রান্না করা খাবার, ফলমূল এবং শাকসবজি ডাবল ডোরের মতো PC-তে সংরক্ষণ করতে পারবেন।




Lite Freezer

### Holiday+

**(FC-1: -14°C to -24°C, FC-2: -14°C to -24°C, PC: OFF)**

অনেক সময় আমরা দীর্ঘদিনের জন্য বাইরে গেলে আমাদের ফ্রিজে কাঁচা মাছ ও মাংস ছাড়া কোনো রান্না করা খাবার অথবা শাকসবজি থাকে না। এমতাবস্থায়, এই মোড চালু থাকলে কম্প্রেসারটি স্বাভাবিকের তুলনায় প্রায় অর্ধেক ব্যবহৃত হবে। ফলে কম্প্রেসারের দীর্ঘস্থায়িত্ব বৃদ্ধি পাওয়ার পাশাপাশি জ্বালানি সাশ্রয় হবে।



Holiday+

### Holiday

**(FC-1: -14°C to -24°C, FC-2: -6°C, PC: OFF)**

এই মোডে FC জেন্টাল ফ্রিজার+ এর ন্যায় কাজ করবে কিন্তু PC হলিডে মোডে থাকায় অধিক জ্বালানি সাশ্রয় হবে।



Holiday

### Holiday Fresh

**(FC-1: -14°C to -24°C, FC-2: +4°C, PC: OFF)**

ফ্রোজেন আইটেম সংরক্ষণ করার পাশাপাশি এই মোডে সামান্য সংখ্যক ফলমূল এবং শাকসবজিও সংরক্ষণ করা যাবে। এই মোডে PC বন্ধ রাখার পরেও FC-2-এ ফলমূল, শাকসবজি এবং মটরশুটি সংরক্ষণ করা যাবে।



Holiday Fresh

### Lite Holiday


**(FC-1: -14°C to -24°C, FC-2: 0°C, PC: OFF)**

ফলমূল ও শাকসবজি সংরক্ষণ করার প্রয়োজন না থাকলে এই মোডটি ফ্রোজেন আইটেম, মেরিনেটেড খাবার, দুধ, বাটার, দই অথবা ক্রিম সংরক্ষণ করতে ব্যবহার করা যাবে। পাশাপশি PC বন্ধ রেখে এই মোডে FC-2-তে মেরিনেটেড খাবার, দুধ, বাটার, দই অথবা ক্রিম সংরক্ষণ করা যাবে।



Lite Holiday

# ডিসপ্লে অপারেশন (WNR-6D6/WNR-6E2)




- Touch Button 1
  - System-Lock(3s)/WiFi
  - System-Reset(3s)
- Touch Button 2
  - Freezer-Plus(3s)/Set-Freezer
  - Self-Diagnosis(3s)
- Touch Button 3
  - Vacation(3s)/Set-Fridge
  - Manual-Defrost(3s)
- Touch Button 4
  - Turbo(3s)/Ultra-Fresh
  - Handle-LED(3s)
- Touch Button 5
  - E-Save(3s)/Mute-Alarm

নোট: **IGT** এবং **Ultra Fresh** ফিচার দুটি **WNR-6E2** মডেলের জন্য প্রযোজ্য নয়।

### টাচ বাটন ১ : System Lock(3sec)/WiFi



***System Lock (3sec)**

সিস্টেম লক এবং আনলক করতে ৩ সেকেন্ডের জন্য এই বাটনটি প্রেস করে ধরে রাখুন। লক থাকা অবস্থায় লক আইকন ডিসপ্লেতে দেখা যাবে। লক করার মাধ্যমে ব্যবহারকারী সেটিংসে কোনো অনিচ্ছাকৃত পরিবর্তন এড়িয়ে যেতে পারবেন।

⚠ **সতর্কতা: সিস্টেম লক চালু থাকা অবস্থায় টাচ বাটন কাজ করবে না।**



**WiFi Connect**

এই বাটনটি একবার প্রেস করে ওয়াইফাই মোড চালু করুন। ওয়াইফাই আইকনটি ব্লিংক করা শুরু করবে। এখন আপনি আপনার রেফ্রিজারেটরটি ওয়ালটন স্মার্ট অ্যাপ্লায়েন্সেস অ্যাপের সঙ্গে কানেক্ট করতে পারবেন। অ্যাপটি প্লে স্টোর (অ্যান্ড্রয়েড) অথবা অ্যাপ স্টোর (আইওএস) থেকে ডাউনলোড করতে পারবেন। সফলভাবে কানেকশন হলে ওয়াইফাই আইকনটি ব্লিংক করা বন্ধ করে দিবে। এই বাটনটি আবার টাচ করলে ওয়াইফাই ডিসকানেক্ট হবে।

⚠ **সতর্কতা: এই ফিচারটি ব্যবহার করতে হলে ২.৪ গিগাহার্জের ওয়াইফাই কানেকশন আবশ্যক এবং আপনার ফোনে অবশ্যই ইন্টারনেট চালু থাকতে হবে।**

বি. দ্র.: শুধুমাত্র বিশেষ কিছু রেফ্রিজারেটর মডেলে এই ফিচার রয়েছে।

### টাচ বাটন ২: Freezer Plus (3sec)/Freezer



**Freezer Plus (3sec)**

**Freezer Plus** মোড চালু করতে এই বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে রাখুন।

**Freezer**

